

46

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের
৯০ জন শিক্ষকের
যুক্ত বিবৃতি**

‘বাঙ্গালী জাতীয়তাবাদ’ ও
বাংলাদেশী জাতীয়তাবাদ নিয়া
বর্তমানে সৃষ্ট বিতর্ক অবিলম্বে বন্ধ
হওয়া উচিত; বাঙ্গালী জাতীয়তা-
বাদই আবহমানকাল ধরিয়৷ এই
(১ম পৃ: ৮-এর ক: দ্র:)

**৯০ জন শিক্ষকের বিবৃতি
(১ম পৃ: পর)**

দেশের জনগণের একমাত্র পরিচয়—
২৬শে মার্চ স্বাধীনতা দিবসের
আলোচনা সভায় ঢাকা বিশ্ববিদ্যা-
লয় শিক্ষক সমিতি কর্তৃক গৃহীত
উপরোক্ত বক্তব্যের প্রতি বিমত
পোষণ করিয়া ঢাকা বিশ্ববিদ্যা-
লয়ের ৯০ জন শিক্ষক গতকাল
(শনিবার) এক যুক্ত বিবৃতি প্রদান
করিয়াছেন। বিবৃতিতে উপরোক্ত
বক্তব্যকে ‘বিতর্কিত’ আখ্যা দিয়া
বলা হয়, জনগণ কর্তৃক প্রত্যা-
খ্যাত এইরূপ একটি সিদ্ধান্ত চাপা-
ইয়া দেওয়ার চেষ্টাকে আমরা নিন্দা
করি এবং স্পষ্টভাষায় জানাইয়া
দিতে চাই যে, “জনসত্তাগত জাতি
হিসাবে আমরা বাঙ্গালী। কিন্তু
রাষ্ট্রসত্তা ও নাগরিক সত্তায় আমরা
বাংলাদেশী। আবহমানকাল আমরা
স্বাধীন ছিলাম না। আমাদের
কোন স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রও
(গ্রেণ্ডভার্লিক) ছিল না। ১৯৭১
সালের ১৬ই ডিসেম্বর হইতে
আমরা একটি স্বাধীন ও সার্বভৌম
রাষ্ট্র গঠন করিয়াছি। সেই রাষ্ট্রীয়
পরিচয়ই আজকের দিনে আমাদের
মুখার্ধ জাতীয় পরিচয় এবং প্রথম
ও প্রধান পরিচয়। আমাদের পরি-
চয় আমরা বাংলাদেশী বাঙ্গালী।
বাংলাদেশী জাতীয়তাই সঠিক
জাতীয়তা। ইহার কোন বিকল্প
নাই।

বিবৃতিদানকারীরা হইলেন ডঃ
এস, এম, লুৎফর রহমান, ডঃ
আফসারউদ্দিন আহমেদ, প্রফে-
সার মোঃ শফি আহমেদ, ডঃ
নুরুল মোমেন, এম শাজাহান মিনা,
মোঃ আতাউর রহমান, আবুল
জামিল ফেরদৌস, কামরুল আহ-
সান চৌধুরী, মনিরুল হক প্রমুখ।